একই তারিখ ও স্মারকে স্থলাভিষিক্ত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮,মতিঝিল, বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd

৩০ অগ্রহায়ণ ১৪৩২
স্মারক নং-৩৪.০১.০০০০.০৪৪.৪৮.০২৬.২২- ২৪৫০ তারিখঃ ১৫ ডিসেম্বর ২০২৫

বিষয়: যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে ব্যাপক প্রযুক্তি নির্ভর সমন্বিত সম্পদ ব্যবস্থাপনা (ইমপ্যাক্ট)-৩য় পর্যায় (২য় সংশোধিত)"-শীর্ষক প্রকল্পের আওতায় ঋণ কার্যক্রম পরিচালনা ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত 'দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে ব্যাপক প্রযুক্তি নির্ভর সমন্বিত সম্পদ ব্যবস্থাপনা (ইমপ্যাক্ট ৩য় পর্যায়) (২য় সংশোধিত)'-শীর্ষক প্রকল্পের মেয়াদ ৩০ জুন, ২০২৭ পর্যন্ত বর্ধিত করণের প্রশাসনিক মঞ্জুরী আদেশ ২৭.১০.২০২৫খ্রি.তারিখে পাওয়া গিয়েছে। এ মেয়াদে প্রকল্পের আওতায় ঋণ কার্যক্রম পরিচালনা বিষয়ে ১৮-১১-২০২৫খ্রি. তারিখে ৩৪.০১.০০০০.০৪৪.১৪.০২৩.২২-২৩৭৭ সংখ্যক স্মারকে নির্দেশনা পত্র জারি করা হয়েছিল। মাঠ পর্যায়ের চাহিদার প্রেক্ষিতে ২৪-১১-২০২৫খ্রি.তারিখে ৩৪.০১.০০০০.০৪৪.৪৮.০২৬.২২-২৩৮০ সংখ্যক স্মারকের মাধ্যমে তা স্থগিত করা হয়। প্রকল্পের স্টিয়ারিং কমিটির নির্দেশনার আলোকে নির্দেশনা পত্রটি নিম্নোক্তভাবে সংশোধন করা হলো।

১. জেলা ঋণ কমিটি

| ক্রমিক নং | পদবী/সংস্থা | |
|---|---|---|
| (ক) | উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, সংশ্লিষ্ট জেলা | সভাপতি |
| (খ) | জেলা প্রশাসকের প্রতিনিধি, সংশ্লিষ্ট জেলা | সদস্য |
| (গ) | জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, প্রাণিসম্পদ অধিদপ্তর, সংশ্লিষ্ট জেলা | সদস্য |
| (ঘ) | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, সংশ্লিষ্ট উপজেলা | সদস্য |
| (ঙ) | ক্রেডিট এন্ড মার্কেটিং অফিসার/ ক্রেডিট এন্ড মার্কেটিং অফিসার না থাকলে বায়োগ্যাস সাব-এসিসটেন্ট ইঞ্জিনিয়ার | সদস্য |
| (চ) | সহকারী পরিচালক, সংশ্লিষ্ট জেলা/সহকারী পরিচালক না থাকলে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা( সদর) সদস্য সচিব হিসাবে দায়িত্ব পালন করবেন | সদস্য-সচিব |

প্রকল্প হতে ঋণ প্রদানের নিয়মাবলী

২.ঋণ বিতরণের ক্ষেত্র, সিলিং এবং গ্রেস পিরিয়ড:

ক) পারিবারিক বায়োগ্যাস প্ল্যান্ট স্থাপন এবং সমন্বিত বায়োগ্যাস প্ল্যান্ট স্থাপনের জন্য ঋণ বিতরণ করা হবে।

খ) সংশ্লিষ্ট জেলার উপপরিচালক কমিটির সুপারিশের আলোকে বায়োগ্যাস প্ল্যান্ট স্থাপনের ক্ষেত্রে প্ল্যান্টের সাইজ অনুযায়ী উপকারভোগীর ঋণের পরিমাণ নির্ধারণ করবেন। প্রকল্পের আওতায় পারিবারিক বায়োগ্যাস প্ল্যান্ট স্থাপনের জন্য সর্বোচ্চ ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা এবং গবাদিপশু/পোল্ট্রি খামার সম্প্রসারণসহ বাণিজ্যিক খামার স্থাপনের জন্য (বড় আকারের বায়োগ্যাস প্ল্যান্ট স্থাপনের লক্ষ্যে) সর্বোচ্চ ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা ঋণ প্রদান করা যাবে।

গ) ঋণ পরিশোধের জন্য গ্রেস পিরিয়ড সর্বোচ্চ ৬(ছয়) মাস প্রদান করা যাবে। খামার উৎপাদনে আসার উপর ভিত্তি করে সংশ্লিষ্ট জেলার উপপরিচালক গ্রেস পিরিয়ড নির্ধারণ করবেন।

ঘ) পারিবারিক বায়োগ্যাস প্ল্যান্ট স্থাপন, সমন্বিত বায়োগ্যাস প্ল্যান্ট নির্মাণ এবং খামার সম্প্রসারণের জন্য সংশ্লিষ্ট জেলার উপপরিচালক ঋণের আবেদন প্রাপ্তির সর্বোচ্চ ৭(সাত) কর্মদিবসের মধ্যে যাচাই-বাছাই করে ঋণ বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

CamScanner দিয়ে স্ক্যান করুন

৩.ঋণ প্রাপ্তির শর্তাবলী :

ক) বায়োগ্যাস প্লান্ট স্থাপন ও খামার সম্প্রসারণের শর্তে ঋণ প্রদান করা হবে।

খ) ঋণ গ্রহণের সময় ৩০০/-(তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে একটি চুক্তিপত্র স্বাক্ষর করতে হবে।

গ) উপকারভোগী সংশ্লিষ্ট এলাকার স্থায়ী বাসিন্দা হতে হবে।

ঘ) ঋণ প্রত্যাশীর পক্ষে তার বাবা/মা অথবা আত্মীয়তার অধঃক্রমে যে কেউ ১ জন ঋণ গ্রহণকারীর নিশ্চয়তাকারী হিসেবে থাকতে হবে। সরকারি/স্বায়ত্তশাসিত/প্রতিষ্ঠিত বেসরকারি প্রতিষ্ঠানে কর্মরত চাকরিজীবী অথবা স্থানীয় প্রতিষ্ঠিত ব্যবসায়ী(যার ট্রেড লাইসেন্স এবং টিআইএন আছে) ঋণ নিশ্চয়তাকারী হতে পারবেন।

৪. ঋণ প্রদান পদ্ধতি:

ক) ঋণের আবেদন রাজস্ব খাতের ন্যায় উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার মাধ্যমে ঋণ অনুমোদন কমিটির সভাপতি উপপরিচালকের নিকট দাখিল করতে হবে ।

খ) প্রকল্পের ঋণ বিতরণ ও আদায়, ঋণের তথ্যাদি রেজিস্টারে সংরক্ষণ করতে হবে।

গ) পারিবারিক প্লান্ট স্থাপনের ক্ষেত্রে গ্রেস পিরিয়ড ব্যতীত সর্বোচ্চ ২৪ (চব্বিশ) মাস অর্থাৎ ২৪ (চব্বিশ)টি মাসিক কিস্তির মাধ্যমে ঋণ আদায় করা হবে (গ্রেস পিরিয়ড সর্বোচ্চ ৬(ছয়) মাস)।

ঘ) সমন্বিত বায়োগ্যাস প্লান্ট নির্মাণ এবং খামার স্থাপন ও সম্প্রসারণের ক্ষেত্রে গ্রেস পিরিয়ড ব্যতীত সর্বোচ্চ ৩৬(ছত্রিশ) মাস অর্থাৎ ৩৬ (ছত্রিশ) টি মাসিক কিস্তির মাধ্যমে ঋণ আদায় করা হবে (গ্রেস পিরিয়ড সর্বোচ্চ ৬ মাস)।

ঙ) ঋণ বিতরণের চেকে সংশ্লিষ্ট উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা ও ইমপ্যাক্ট প্রকল্পের ক্রেডিট এন্ড মার্কেটিং অফিসার স্বাক্ষর করবেন । কোনো জেলায় প্রকল্পের ক্রেডিট এন্ড মার্কেটিং অফিসার না থাকলে সংশ্লিষ্ট জেলার বায়োগ্যাস সাব-এসিসটেন্ট ইঞ্জিনিয়ার উক্ত ঋণের চেকে স্বাক্ষর করবেন। ঋণ বিতরণের জন্য ক্রসড চেক (একাউন্ট পেয়ী চেক) ইস্যু করতে হবে। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, সহকারী উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা ইমপ্যাক্ট প্রকল্পের ক্রেডিট এন্ড মার্কেটিং অফিসার, বায়োগ্যাস সাব-এসিসটেন্ট ইঞ্জিনিয়ার, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, কমিউনিটি সুপারভাইজারগণ ঋণ বিতরণ, আদায় ও ঋণের যাবতীয় তথ্য সংগ্রহের সাথে প্রত্যক্ষভাবে সম্পৃক্ত থাকবেন।

৫. ঋণের সার্ভিস চার্জ যুব উন্নয়ন অধিদপ্তরের রাজস্ব খাতের আওতায় পরিচালিত সর্বশেষ ক্ষুদ্র ঋণ নির্দেশিকা (আত্মকর্মসংস্থান) অনুযায়ী ৫% ক্রমহ্রাসমান হারে নির্ধারিত হবে।

৬. প্রকল্পের মূল লক্ষ্য বায়োগ্যাস প্লান্ট স্থাপনের লক্ষ্যে ঋণ প্রদানের জন্য প্রকল্পের আওতায় প্রশিক্ষণ প্রাপ্ত উপকারভোগী অগ্রাধিকার পাবেন। প্রশিক্ষণ প্রাপ্ত না হলে কমপক্ষে ৩(তিন)টি গরু বা ৩০০টি মুরগী সম্বলিত পোল্ট্রি খামারী বায়োগ্যাস প্লান্ট স্থাপনে আগ্রহী হলে তাকে ঋণ প্রদান করা যাবে।

৭. উপজেলা পর্যায়ে পরিচালিত ঋণ কার্যক্রমের ফেইজ ভিত্তিক হিসাব পৃথক রেজিস্টারে সংরক্ষণ করতে হবে। অন্যান্য ফেইজে বরাদ্দকৃত ঋণ তহবিল ৩য় ফেইজের সাথে সমন্বিত করা হলে কত তারিখে সমন্বিত করা হয়েছে তা ঋণ তহবিলের হিসাব ও ব্যাংক স্টেটমেন্টসহ রেজিস্টারে লিপিবদ্ধ করতে হবে।

৮. উপজেলা ভিত্তিক বায়োগ্যাস প্ল্যান্টের তথ্য রেজিস্টারে পৃথক ভাবে সংরক্ষণ করতে হবে।

২১.০১.২০২৩

(এ কে এম মফিজুল ইসলাম)
প্রকল্প পরিচালক
ইমপ্যাক্ট-৩য় পর্যায় (২য় সংশোধিত) প্রকল্প
যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা

উপপরিচালক
যুব উন্নয়ন অধিদপ্তর,............ (সকল) জেলা।

<u>অনুলিপি সদয় অবগতি/কার্যার্থেঃ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)</u>

০১। পরিচালক (পরিকল্পনা), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

০২। প্রোগ্রামার, আইসিটি, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)।

০৩। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর......................(সকল)উপজেলা।

০৪। প্রকল্পের জনবল, 'ইমপ্যাক্ট-৩য় পর্যায় (২য় সংশোধিত)'প্রকল্প, যুব উন্নয় অধিদপ্তর.........(সকল)বিভাগ ................সকল জেলা।

০৫। মহাপরিচালক (গ্রেড-১) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

০৬। অফিস কপি।

CamScanner দিয়ে স্ক্যান করুন